



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০(অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@gmail.com

খ ইউনিট

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ২০১৯-২০২০

শূন্য আসন পূরণের জন্য তৃতীয় বিজ্ঞপ্তি

(মেধাক্রম ৩০০১-৩২০০)

আরবি বিভাগের ১৫(পনর) টি শূন্য আসন পূরণের জন্য শুধুমাত্র সংশ্লিষ্ট বিষয়ের শর্তপূরণকারী প্রার্থীদের (মেধাক্রম ৩০০১-৩২০০ পর্যন্ত) নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সাক্ষাৎকারের জন্য কলা অনুষদ সভাকক্ষে উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে।

সাক্ষাৎকার-সূচি

তারিখ	দিন	দুপুর ২.০০ টা থেকে
		মেধাক্রম
৩০/১১/২০১৯	শনিবার	৩০০১--৩২০০

উল্লেখ্য, যেসকল প্রার্থীর দাখিল পরীক্ষায় আরবি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড; আলিম / উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আরবি / ইসলামি শিক্ষা / বাংলা / ইংরেজিতে ন্যূনতম 'বি' গ্রেড আছে কেবল তারাই সাক্ষাৎকারে উপস্থিত হতে পারবে।

*আরবি বিভাগে ভর্তি হলে মেধাক্রম অনুসারে প্রথম পর্যায়ে সাক্ষাৎকারভুক্ত প্রার্থীরা ব্যতীত অন্য প্রার্থীরা পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না।

বিশেষ দ্রষ্টব্য : সাক্ষাৎকারে ডাকার অর্থ ভর্তির নিশ্চয়তা নয় এবং যে মুহূর্তে বিভাগের নির্ধারিত আসন সংখ্যা পূর্ণ হয়ে যাবে তৎক্ষণাৎ সাক্ষাৎকার গ্রহণ বন্ধ হবে।

সাক্ষাৎকারের সময় ছাত্র/ছাত্রীদের অবশ্যই— (১) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (২) ওয়েব সাইটে পূরণকৃত বিষয় পছন্দক্রম ফরম (প্রিন্ট করে নিতে হবে)-এর কপি (৩) মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রী (৪) উচ্চ-মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং (৫) দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি সঙ্গে আনতে হবে। কোনো কারণে প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি আনতে ব্যর্থ হলে প্রার্থীকে নির্ধারিত অংকের জরিমানা দেওয়া সাপেক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণের অনুমতি দেওয়া যেতে পারে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে এগুলি ডিনকে দেখাতে হবে।

(অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ

ও

প্রধান সমন্বয়কারী